দৈনিক জনকণ্ঠ

তারিখ ২7 OCT 2016
পৃষ্ঠা ১৪ কলাম ৬



**নওগাঁ :** রানীনগরের শিয়ালা উচ্চ বিদ্যালয়ে পরিত্যক্ত কক্ষে পাঠদান -জনকণ্ঠ

# রানীনগরে পরিত্যক্ত মাটির ঘরে পাঠদান

**বিশ্বজিৎ মনি, নওগাঁ ।** নওগাঁর রানীনগর উপজেলার একডালা ইউনিয়নের শিয়ালা উচ্চ বিদ্যালয়ে শ্রেণীকক্ষের সঙ্কটের কারণে পরিত্যক্ত মাটির কক্ষে চলছে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম। মাটির দুটি পরিত্যক্ত কক্ষসহ মোট ছয়টি কক্ষে প্রতিদিন গাদাগাদি করে পাঠগ্রহণ করছে ওই বিদ্যালয়ে নিয়মিত শিক্ষার্থীরা। পরিত্যক্ত ভবন যে কোন সময় ভেঙ্গে পড়ে বড় ধরনের দুর্ঘটনা ঘটার আশঙ্কা থাকলেও জীবনের ঝুঁকি নিয়ে সেখানে চলছে শিক্ষা কার্যক্রম। বিদ্যালয়ের শিক্ষক, ছাত্রছাত্রী, অবিভাবক ও সচেতন মহল সেখানে বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা মাথায় নিয়ে শিক্ষার্থীদের পাঠদান চালিয়ে আসছেন। এছাড়া পরিত্যক্ত ওই মাটির ভবনের দরজা-জানালা, ছাউনির টিন নষ্ট হয়ে যাওয়ায় শিক্ষার্থীদের বসার বেঞ্চসহ বিদ্যালয়ের আসবাবপত্র দিন দিন হারিয়ে যাচ্ছে।

জানা গেছে, উপজেলার প্রত্যন্ত ওই এলাকায় তৎকালীন কিছু শিক্ষানুরাগী ব্যক্তির উদ্যোগে ১৯৬৯ সালে ওই বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। সেই সময় মাটির ৩টি কক্ষ নির্মাণ করে পাঠদান কার্যক্রম শুরু করা হয়। বর্তমানে বিদ্যালয়ে ২শ' ৮০ জন শিক্ষার্থী প্রতিদিন বিদ্যালয়ে পাঠ গ্রহণ করছে। কিন্তু বর্তমানে বিদ্যালয়ে কক্ষের চরম সঙ্কট দেখা দিয়েছে। যার কারণে বিদ্যালয় কর্তৃপক্ষ পরিত্যক্ত ওই মাটির কক্ষে পাঠ দান করাতে বাধ্য হচ্ছেন।

স্কুলের প্রধান শিক্ষক হরেন্দ্রনাথ সরকার জানান, বর্তমানে প্রত্যন্ত এলাকার এই বিদ্যাপীঠ নানা সমস্যায় কক্ষ সঙ্কটের কারণে বাধ্য হয়ে পরিত্যক্ত মাটির ভবনের ২টি কক্ষ সংস্কার করে পাঠদান কার্যক্রম চালানো হচ্ছে। প্রতিনিয়ত শিক্ষার্থীরা জীবনের ঝুঁকি নিয়ে বিদ্যালয়ের পরিত্যক্ত কক্ষে পাঠগ্রহণ করতে বাধ্য হচ্ছে। কক্ষের সঙ্কটের কারণে একই কক্ষে গাদাগাদি করে পাঠ গ্রহণ করছে শিক্ষার্থীরা। এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শেখ মোঃ আব্দুল্লাহ আল মামুন জানান, এই বিদ্যালয়ের সমস্যা চিহ্নিত করে সংশ্লিষ্ট বিভাগকে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য জানানো হয়েছে।